



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

Website: www.bb.org.bd

ফাইন্যান্স কোম্পানি প্রবিধি ও নীতি বিভাগ

এফসিআরপিডি সার্কুলার নং-০৩

৩১ আষাঢ় ১৪৩৩

তারিখ: _____

১৫ জুলাই ২০২৬

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল ফাইন্যান্স কোম্পানি।

প্রিয় মহোদয়,

ব্যক্তি আমানত আহরণ প্রসঙ্গে।

ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ এর ২৪(২) ধারায় “কোনো ফাইন্যান্স কোম্পানি কোনো প্রাকৃতিক ব্যক্তির নিকট হইতে একক নামে সর্বোচ্চ ৫০(পঞ্চাশ) লক্ষ টাকা বা যৌথ নামে সর্বোচ্চ ১ (এক) কোটি টাকা বা, সময় সময়, বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্ধারিত সীমার অধিক আমানত গ্রহণ করিতে পারিবে না” মর্মে বিধান সন্নিবেশিত রয়েছে যা নিম্নবর্ণিত ক্ষেত্রসমূহ ব্যতীত সকলের জন্য প্রযোজ্য হবে। এতদ্ব্যতীত ক্ষেত্রসমূহে নিম্নরূপ নির্দেশনা অনুসরণীয় হবে—

(ক) নিম্নোক্ত তিনটি শর্ত যুগপৎভাবে পরিপালন সাপেক্ষে ফাইন্যান্স কোম্পানিসমূহ ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ এর ২৪(২) ধারায় বর্ণিত সীমার অধিক নতুনভাবে আমানত আহরণ করতে পারবে—

- (১) শ্রেণিকৃত ঋণের হার অব্যবহিত পূর্ববর্তী ত্রৈমাসিকে সর্বোচ্চ ১০% বা এর নীচে থাকা;
- (২) অব্যবহিত পূর্ববর্তী ত্রৈমাসিকে মূলধন পর্যাণ্ডতার হার ন্যূনতম ১০% বা তার উপরে থাকা; এবং
- (৩) কোনরূপ সংস্থান বিলম্বিতকরণ সুবিধা গ্রহণ না করা।

(খ) ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ জারীর পূর্বে প্রাকৃতিক ব্যক্তির নিকট হতে একক নামে সর্বোচ্চ ৫০(পঞ্চাশ) লক্ষ টাকা বা যৌথ নামে সর্বোচ্চ ১(এক) কোটি টাকার অধিক আহরিত আমানত বিদ্যমান মেয়াদপূর্তি পর্যন্ত ধারণ এবং মেয়াদান্তে গ্রাহকের নিকট হতে লিখিত সম্মতিপত্র গ্রহণ সাপেক্ষে নবায়ন করা যাবে; এবং

(গ) কোনো ফাইন্যান্স কোম্পানির উপর আমানত আহরণে বাংলাদেশ ব্যাংক বা মহামান্য আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা/বিধি-নিষেধ থাকলে বা প্রদান করা হলে সে সকল ফাইন্যান্স কোম্পানিসমূহের জন্য উপরোক্ত নির্দেশনা প্রযোজ্য হবে না।

২। ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ এর ২৪(২) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা প্রদান করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(আবুল কালাম আজাদ)
পরিচালক (এফসিআরপিডি)
ফোন: ৯৫৩০১৭৮।